57

দৈনিক ইনকিলাব

তারিখ 07 APR 1998

পৃষ্ঠা ১ কলাম ৭

## '৯৭ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত

**বাসস** ঃ চলতি বছরের ৭ ও ৮ জানুয়ারী অনুষ্ঠিত ১৯৯৭ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। পরীক্ষায় সরকারী কোটার আওতায় মোট ১২ হাজার ৩শ' ১১ জন পরীক্ষার্থী সাফল্যের সাথে উত্তীর্ণ হয়েছে। গতকাল এক সরকারী প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সফল পরীক্ষার্থীদের মধ্যে ২ হাজার ৩শ' ৫ জন ট্যালেন্টপুলে ও বাকী ১০ হাজার ৬শ' সাধারণ বৃত্তি পেয়েছে। সারাদেশ থেকে ২ লাখ ৫৬ হাজার ৭শ' ৩৭ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, পবিত্র ঈদুল আযহার পর জেলা পর্যায়ের সকল শিক্ষা অফিস ও প্রাথমিক শিক্ষা অফিসে এই ফলাফল পাওয়া যাবে।